রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, জুন ৩, ২০০৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

প্রধানমন্ত্রীর কার্যালয়

প্রজ্ঞাপন

তারিখ, ১৯ জ্যৈষ্ঠ ১৪১০বাং/২ জুন ২০০৩ ইং

**এস, আর, ও নং ১৪৬-আইন/০৩**—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ১৩৩ অনুচ্ছেদের শর্তাংশে প্রদত্ত ক্ষমতাবলে মহামান্য রাষ্ট্রপতি, উক্ত সংবিধানের ১৪০(২) অনুচ্ছেদের বিধান মোতাবেক বাংলাদেশ সরকারী কর্মকমিশনের সহিত পরামর্শক্রমে, নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিলেন, যথা ঃ—

১। সংক্ষিপ্ত শিরনামা।—এই বিধিমালা বিশেষ নিরাপত্তা বাহিনীর কর্মকর্তা/কর্মচারী নিয়োগ বিধিমালা, ২০০৩ নামে অভিহিত হইবে।

২। সংজ্ঞা।—বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কিছু না থাকিলে, এই বিধিমালায়—

(ক) "কমিশন" অর্থ বাংলাদেশ সরকারী কর্মকমিশন ;

(খ) "তফসিল" অর্থ এই বিধিমালার তফসিল ;

(গ) "নিয়োগকারী কর্তৃপক্ষ" অর্থ সরকার বা সরকার কর্তৃক ক্ষমতা প্রদত্ত কোন কর্মকর্তা ;

(ঘ) "পদ" অর্থ তফসিলে উল্লিখিত কোন পদ ;

(ঙ) "প্রয়োজনীয় যোগ্যতা" অর্থ সংশ্লিষ্ট পদের জন্য তফসিলে উল্লিখিত যোগ্যতা ;

(চ) "শিক্ষানবিস" অর্থ কোন পদে শিক্ষানবিস হিসাবে নিযুক্ত কোন ব্যক্তি ;

(ছ) "স্বীকৃত বিশ্ববিদ্যালয়" বা "স্বীকৃত বোর্ড" বা "স্বীকৃত প্রতিষ্ঠান" অর্থ আপাততঃ বলবৎ অন্য কোন আইনের দ্বারা বা আইনের অধীনে প্রতিষ্ঠিত কোন বিশ্ববিদ্যালয় বা বোর্ড বা প্রতিষ্ঠান এবং এই বিধির উদ্দেশ্য পূরণকল্পে, কমিশনের সহিত পরামর্শক্রমে সরকার কর্তৃক অনুমোদিত বলিয়া ঘোষিত অন্য কোন বিশ্ববিদ্যালয় বা বোর্ড বা প্রতিষ্ঠানও ইহার অন্তর্ভুক্ত হইবে।



মূল্য ঃ টাকা ৩.০০

৩। **নিয়োগ পদ্ধতি**।—(১) গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ ২৯(৩) এর উদ্দেশ্য পূরণকল্পে, সংরক্ষণ সংক্রান্ত নির্দেশাবলী এবং তফসিলে বর্ণিত বিধান সাপেক্ষে, কোন পদে নিম্ন বিধৃত পদ্ধতিতে নিয়োগদান করা হইবে—

(ক) সরাসরি নিয়োগের মাধ্যমে;

(খ) পদোন্নতির মাধ্যমে; এবং

(গ) প্রেষণে বদলীর মাধ্যমে।

(২) কোন ব্যক্তিকে কোন পদে নিয়োগ করা হইবে না যদি তজ্জন্য তাঁহার প্রয়োজনীয় যোগ্যতা না থাকে, এবং সরাসরি নিয়োগের ক্ষেত্রে, তাহার বয়স উক্ত পদের জন্য তফসিলে বর্ণিত বয়ঃসীমার মধ্যে না হয় ঃ

তবে শর্ত থাকে যে, কোন ব্যক্তিকে কোন পদে এডহক ভিত্তিতে ইতিপূর্বে নিয়োগ করা হইয়া থাকিলে অথবা পূনর্গঠনকালে উক্ত পদে অব্যাহতভাবে নিযুক্ত থাকাকালীন কার্যকালের জন্য তাহার সর্বোচ্চ বয়ঃসীমা ও অন্যান্য শর্ত শিথিল করা যাইতে পারে।

৪। **সরাসরি নিয়োগ**।—(১) কমিশনের সুপারিশ ব্যতিরেকে কমিশনের আওতাভুক্ত কোন পদে কোন ব্যক্তিকে সরাসরি নিয়োগ করা যাইবে না।

(২) নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক গঠিত বাছাই কমিটির সুপারিশ ব্যতিরেকে কমিশনের আওতা বহির্ভূত কোন পদে সরাসরি নিয়োগ করা যাইবে না।

(৩) কোন পদে সরাসরি নিয়োগের জন্য কোন ব্যক্তি যোগ্য বলিয়া বিবেচিত হইবেন না, যদি তিনি—

(ক) বাংলাদেশের নাগরিক না হন, অথবা বাংলাদেশের স্থায়ী বাসিন্দা না হন, অথবা বাংলাদেশের ডমিসাইল না হন; অথবা

(খ) এমন কোন ব্যক্তিকে বিবাহ করেন অথবা বিবাহ করিবার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন যিনি বাংলাদেশের নাগরিক নহেন।

(৪) কোন পদে সরাসরি নিয়োগ করা হইবে না, যদি—

(ক) নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তির স্বাস্থ্য পরীক্ষার উদ্দেশ্যে স্বাস্থ্য অধিদপ্তরের মহাপরিচালক কর্তৃক গঠিত মেডিকেল বোর্ড অথবা, ক্ষেত্র বিশেষে, তৎকর্তৃক মনোনীত কোন মেডিকেল অফিসার এই মর্মে প্রত্যায়ন না করেন যে, উক্ত ব্যক্তি স্বাস্থ্যগতভাবে অনুরূপ পদে নিয়োগযোগ্য এবং তিনি এইরূপ কোন দৈহিক বৈকল্যে ভূগিতেছেন না, যাহা সংশ্লিষ্ট পদের দায়িত্ব পালনে কোন ব্যাঘাত সৃষ্টি করিতে পারে; এবং

(খ) এইরূপে বাছাইকৃত ব্যক্তির পূর্ব কার্যকলাপ যথাযোগ্য এজেন্সীর মাধ্যমে তদন্ত না হইয়া থাকে ও তদন্তের ফলে দেখা যায় যে, প্রজাতন্ত্রের চাকুরীতে নিযুক্তির জন্য তিনি উপযুক্ত নহেন।

(৫) কোন ব্যক্তিকে কোন পদে নিয়োগের জন্য সুপারিশ করা হইবে না, যদি তিনি—

(ক) উক্ত পদের জন্য কমিশন কর্তৃক বা নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক দরখাস্ত আহ্বানের বিজ্ঞপ্তিতে উল্লিখিত শর্ত মোতাবেক ফিসহ যথাযথ ফরম, যদি থাকে, ও নির্দিষ্ট তারিখের মধ্যে দরখাস্ত দাখিল না করেন; এবং

(খ) সরকারী চাকুরী কিংবা কোন স্থানীয় কর্তৃপক্ষের চাকুরীতে নিয়োজিত থাকাকালে স্বীয় উর্ধতন কর্মকর্তার মাধ্যমে দরখাস্ত দাখিল না করেন।

৫। পদোন্নতির মাধ্যমে নিয়োগ।—(১) এতদুদ্দেশ্যে সরকার কর্তৃক গঠিত সংশ্লিষ্ট বাছাই বা নির্বাচন কমিটির সুপারিশের ভিত্তিতে কোন পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগ করা যাইবে ঃ

তবে শর্ত থাকে যে, ৩য় শ্রেণী হইতে ২য় শ্রেণী বা ১ম শ্রেণী বা ২য় শ্রেণী হইতে ১ম শ্রেণীর পদে কমিশনের সুপারিশের ভিত্তিতে পদোন্নতির মাধ্যমে নিয়োগ করা যাইবে।

(২) যদি কোন ব্যক্তির চাকুরীর বৃত্তান্ত সন্তোষজনক না হয়, তাহা হইলে তিনি কোন পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগের জন্য যোগ্য বলিয়া বিবেচিত হইবেন না।

৬। শিক্ষানবিসি।—(১) স্থায়ী শূন্য পদের বিপরীতে কোন পদে নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তিকে শিক্ষানবিসের স্তরে—

(ক) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, স্থায়ী নিয়োগের তারিখ হইতে দুই বৎসরের জন্য; এবং

(খ) পদোন্নতির ক্ষেত্রে, এইরূপ নিয়োগের তারিখ হইতে এক বৎসরের জন্য নিয়োগ করা হইবে ঃ

তবে শর্ত থাকে যে, নিয়োগকারী কর্তৃপক্ষ কারণ লিপিবদ্ধ করিয়া শিক্ষানবিসের শিক্ষানবিসি মেয়াদ এইরূপ বৃদ্ধি করিতে পারিবেন যাহাতে বর্ধিত মেয়াদ সর্বসাকুল্যে দুই বৎসরের অধিক না হয়।

(২) যে ক্ষেত্রে কোন শিক্ষানবিসের শিক্ষানবিসির মেয়াদ চলাকালে নিয়োগকারী কর্তৃপক্ষ মনে করেন যে, তাহার আচরণ ও কর্ম সন্তোষজনক নহে, বা তাহার কর্মদক্ষ হওয়ার সম্ভাবনা নাই, সেই ক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষ—

(ক) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, শিক্ষানবিসের চাকুরীর অবসান ঘটাইতে পারিবেন ;

(খ) পদোন্নতির ক্ষেত্রে, তাঁহাকে যে পদ হইতে পদোন্নতি দেওয়া হইয়াছিল সেই পদে প্রত্যাবর্তন করাইতে পারিবেন।

(৩) শিক্ষানবিসের মেয়াদ, বর্ধিত মেয়াদ থাকিলে তাহাসহ, সম্পূর্ণ হওয়ার পর নিয়োগকারী কর্তৃপক্ষ—

(ক) যদি এই মর্মে সন্তুষ্ট হন যে, শিক্ষানবিসি মেয়াদ চলাকালে কোন শিক্ষানবিসের আচরণ ও কর্ম সন্তোষজনক ছিল, তাহা হইলে উপ-বিধি (৪) এর বিধান সাপেক্ষে, তাহাকে চাকুরীতে স্থায়ী করিবেন, এবং

(খ) যদি মনে করেন যে, উক্ত মেয়াদ চলাকালে শিক্ষানবিসের আচরণ ও কর্ম সন্তোষজনক ছিল না, তাহা হইলে উক্ত কর্তৃপক্ষ—

(অ) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, তাহার চাকুরীর অবসান ঘটাইতে পারিবেন ; এবং

(আ) পদোন্নতির ক্ষেত্রে, তাহাকে যে পদ হইতে পদোন্নতি দেওয়া হইয়াছিল সেই পদে প্রত্যাবর্তন করাইতে পারিবেন।

(৪) কোন শিক্ষানবিসকে কোন নির্দিষ্ট পদে স্থায়ী করা হইবে না যতক্ষণ না সরকারী আদেশ বলে সময়ে সময়ে যে পরীক্ষা ও প্রশিক্ষণের ব্যবস্থা করা হয়, সেই পরীক্ষায় তিনি পাস করেন ও প্রশিক্ষণ গ্রহণ করেন।

৭। রহিতকরণ।—রাষ্ট্রপতির সচিবালয়, জনবিভাগ এর ৩০শে কার্তিক, ১৩৯৭ বাং মোতাবেক ১৫ ই নভেম্বর ১৯৯০ ইং তারিখের এস, আর, ও নং ৪০০-আইন/৯০ দ্বারা জারীকৃত রাষ্ট্রপতির নিরাপত্তা বাহিনীর নন-গেজেটেড কর্মচারী নিয়োগ বিধিমালা, ১৯৯০ এতদ্দ্বারা রহিত করা হইল।

## তফসিল

[বিধি ২(খ) দ্রষ্টব্য ]

| ক্রমিক নং | নির্দিষ্টকৃত পদের নাম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে বয়স সীমা | নিয়োগ পদ্ধতি | যোগ্যতা |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১। | হিসাবরক্ষণ কর্মকর্তা | .. | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে প্রেষণে বদলীর মাধ্যমে। | পদোন্নতির ক্ষেত্রে ঃ<br>(ক) হিসাব রক্ষক পদে অন্যূন ৬(ছয়) বৎসরের চাকুরী; অথবা<br>(খ) হিসাব রক্ষক ও সহকারী হিসাব রক্ষক পদে মোট ১০(দশ) বৎসরের চাকুরী; অথবা<br>(গ) সহকারী হিসাব রক্ষক পদে অন্যূন ১০(দশ) বৎসরের চাকুরী। |
| ২। | অধীক্ষক | .. | পদোন্নতির মাধ্যমে। | উচ্চমান সহকারী বা সাঁটলিপিকার পদে অন্যূন ০৭(সাত) বৎসরের চাকুরী। |
| ৩। | হিসাবরক্ষক | অনূর্ধ্ব ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | পদোন্নতির ক্ষেত্রে ঃ<br>সহকারী হিসাব রক্ষক পদে অন্যূন ৪(চার) বৎসরের চাকুরী।<br>সরাসরি নিয়োগের ক্ষেত্রে ঃ<br>কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বাণিজ্যে দ্বিতীয় বিভাগে স্নাতক ডিগ্রী। সংশ্লিষ্ট ক্ষেত্রে অভিজ্ঞ প্রার্থীকে অগ্রাধিকার দেওয়া হইবে। |
| ৪। | ক্যাটালগার | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে গ্রন্থাগার বিজ্ঞানে দ্বিতীয় শ্রেণীর স্নাতক ডিগ্রী। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ৫। | উচ্চমান সহকারী | অনূর্ধ্ব ৩০ বৎসর | (ক) ৬৬% পদোন্নতির মাধ্যমে; এবং<br>(খ) ৩৪% সরাসরি নিয়োগের মাধ্যমে। | পদোন্নতির ক্ষেত্রে ঃ<br>অফিস সহকারী-কাম-মুদ্রাক্ষরিক বা অফিস সহকারী-কাম-মুদ্রাক্ষরিক/ডাটা এন্ট্রি অপারেটর পদে কমপক্ষে ৫(পাঁচ) বৎসরের চাকুরী।<br>সরাসরি নিয়োগের ক্ষেত্রে ঃ<br>(ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক বা সমমানের ডিগ্রী;<br>(খ) The Ministries and Divisions (Upper Division Assistant and Section Assistant) Recruitment Rules, 1984 এর Schedule II অনুযায়ী পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৬। | সাঁটলিপিকার | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) Stenographers and Stenotypists (Ministries, Divisions and attached Departments) Recruitment Rules, 1978 এর Schedule অনুযায়ী পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৭। | সহকারী হিসাবরক্ষক | অনূর্ধ্ব ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | পদোন্নতির ক্ষেত্রে ঃ<br>অফিস সহকারী-কাম-মুদ্রাক্ষরিক পদে অন্যূন ৪(চার) বৎসরের চাকুরী।<br>সরাসরি নিয়োগের ক্ষেত্রে ঃ<br>কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক বা সমমানের ডিগ্রী। |

| | | | | |
|---|---|---|---|---|
| ৮। | ক্যামেরাম্যান | অনূর্ধ্ব ৩৫ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক বা সমমানের ডিগ্রী এবং ফটোগ্রাফীর উপর সার্টিফিকেটসহ কমপক্ষে ৫(পাঁচ) বছরের বাস্তব অভিজ্ঞতা। |
| ৯। | ড্রাফ্টসম্যান | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং সরকার কর্তৃক স্বীকৃত কোন প্রতিষ্ঠান হইতে ড্রাপ্টসম্যানশীপ সার্টিফিকেটপ্রাপ্ত। |
| ১০। | অফিস সহকারী-কাম-মুদ্রাক্ষরিক | অনূর্ধ্ব ৩০ বৎসর | (ক) ৭৫% সরাসরি নিয়োগের মাধ্যমে;<br>(খ) ২৫% পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | সরাসরি নিয়োগের ক্ষেত্রে ঃ<br>(ক) কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) মুদ্রাক্ষরে প্রতি মিনিটে বাংলা ২০টি শব্দ এবং ইংরেজীতে ২৮ শব্দের গতি।<br>পদোন্নতির ক্ষেত্রে ঃ<br>(ক) বার্তাবাহক এবং এম, এল, এস, এস পদ হইতে জ্যেষ্ঠতার ভিত্তিতে; এবং<br>(খ) কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(গ) মুদ্রাক্ষরে প্রতি মিনিটে বাংলা ২০টি শব্দ এবং ইংরেজীতে ২৮ শব্দের গতি। |
| ১১। | অফিস সহকারী-কাম-মুদ্রাক্ষরিক/ডাটা এন্ট্রি অপারেটর | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। বিজ্ঞান বিভাগের প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হইবে; এবং<br>(খ) ডাটা এন্ট্রি অপারেটরের যোগ্যতা (Aptitude) পরীক্ষায় উত্তীর্ণ হইতে হইবে। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ১২। | মেকানিক | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং সরকার কর্তৃক স্বীকৃত কোন প্রতিষ্ঠান হইতে সংশ্লিষ্ট বিষয়ে সার্টিফিকেটসহ সংশ্লিষ্ট কাজে ৩(তিন) বৎসরের বাস্তব অভিজ্ঞতা। |
| ১৩। | গাড়ীচালক | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং ভারী গাড়ী চালানোর বৈধ লাইসেন্সসহ গাড়ী চালানোর ৩(তিন) বৎসরের বাস্তব অভিজ্ঞতা। |
| ১৪। | কার্পেন্টার | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | অন্যূন অষ্টম শ্রেণী উত্তীর্ণ এবং সরকার কর্তৃক স্বীকৃত কোন প্রতিষ্ঠান হইতে সংশ্লিষ্ট বিষয়ে সার্টিফিকেটসহ সংশ্লিষ্ট কাজে ৩(তিন) বৎসরের বাস্তব অভিজ্ঞতা। |
| ১৫। | মেস কুক (হেড মেস কুক)। | অনূর্ধ্ব ৩০ বৎসর | প্রেষণে নিয়োগের মাধ্যমে | সরাসরি নিয়োগের ক্ষেত্রে ঃ<br>কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ বাবুর্চির কাজে বাস্তব অভিজ্ঞতা।<br>প্রেষণে নিয়োগের ক্ষেত্রে ঃ<br>সশস্ত্র বাহিনী হইতে বেতন স্কেল অনুযায়ী প্রেষণে নিয়োগের মাধ্যমে। |
| ১৬। | ক্যাশ সরকার | অনূর্ধ্ব ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | পদোন্নতির ক্ষেত্রে ঃ<br>এম, এল, এস, এস পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকুরী।<br>সরাসরি নিয়োগের ক্ষেত্রে ঃ<br>কোন স্বীকৃত বোর্ড হইতে দ্বিতীয় বিভাগে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৭। | বার্তাবাহক | অনূর্ধ্ব ৩০ বৎসর। | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | পদোন্নতির ক্ষেত্রে ঃ<br>এম,এল,এস,এস পদে অন্যূন ৩(তিন) বৎসরের চাকুরী এবং মটর সাইকেল চালনার লাইসেন্সধারী।<br>সরাসরি নিয়োগের ক্ষেত্রে ঃ<br>কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং মটর সাইকেল চালনার লাইসেন্সধারী। |
| ১৮। | মেসওয়েটার | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং ফুড এন্ড বেভারেজ সার্ভিস সনদপ্রাপ্ত। অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদেরকে অগ্রাধিকার-দেওয়া হইবে। |
| ১৯। | এম,এল,এস,এস | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। প্রার্থীকে শারীরিক যোগ্যতাসম্পন্ন হইতে হইবে। |
| ২০। | মালী | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদেরকে অগ্রাধিকার দেওয়া হইবে। |
| ২১। | ঝাড়ুদার | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | অষ্টম শ্রেণী উত্তীর্ণ। অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদেরকে অগ্রাধিকার দেওয়া হইবে। |
| ২২। | মশালচী | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | অষ্টম শ্রেণী উত্তীর্ণ। অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদেরকে অগ্রাধিকার দেওয়া হইবে। |
| ২৩। | প্রশাসনিক কর্মকর্তা (সিনিয়র ওয়ারেন্ট অফিসার/ ওয়ারেন্ট অফিসার)। | .. | প্রেষণে নিয়োগের মাধ্যমে | সশস্ত্র বাহিনীর সিনিয়র ওয়ারেন্ট অফিসার, ওয়ারেন্ট অফিসার বা সমপদমর্যাদাসম্পন্ন কর্মকর্তাগণের মধ্য হইতে প্রেষণে নিয়োগের মাধ্যমে। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ২৪। | গ্যারেজ সুপারভাইজার (সার্জেন্ট)। | .. | প্রেষণে নিয়োগের মাধ্যমে | সশস্ত্র বাহিনীর সার্জেন্ট বা সমপদমর্যাদাসম্পন্ন পদবীর কর্মচারীদের মধ্য হইতে প্রেষণে নিয়োগের মাধ্যমে। |
| ২৫। | ফিল্ড ষ্টাফ (সার্জেন্ট/কর্পোর‌্যাল/ল্যান্স কর্পোর‌্যাল)। | .. | প্রেষণে নিয়োগের মাধ্যমে | সশস্ত্র বাহিনীর সার্জেন্ট, কর্পোর‌্যাল, ল্যান্স কর্পোর‌্যাল বা সমপদমর্যাদাসম্পন্ন পদবীর কর্মচারীদের মধ্য হইতে প্রেষণে নিয়োগের মাধ্যমে। |
| ২৬। | টেকনিক্যাল সার্পোট টিম (সার্জেন্ট, কর্পোর‌্যাল/ল্যান্স কর্পোর‌্যাল, সৈনিক)। | .. | প্রেষণে নিয়োগের মাধ্যমে | সশস্ত্র বাহিনীর সার্জেন্ট, কর্পোর‌্যাল, ল্যান্স কর্পোর‌্যাল বা সমপদমর্যাদাসম্পন্ন পদবীর কর্মচারীদের মধ্য হইতে প্রেষণে নিয়োগের মাধ্যমে। |
| ২৭। | সাঁটলিপিকার (সার্জেন্ট/ওয়ারেন্ট অফিসার)। | .. | প্রেষণে নিয়োগের মাধ্যমে | সশস্ত্র বাহিনীর সার্জেন্ট, ওয়ারেন্ট অফিসার বা সমপদমর্যাদাসম্পন্ন পদবীর কর্মচারীদের মধ্য হইতে প্রেষণে নিয়োগের মাধ্যমে। |
| ২৮। | মেস সুপারভাইজার (সার্জেন্ট)। | .. | প্রেষণে নিয়োগের মাধ্যমে | সশস্ত্র বাহিনীর সার্জেন্ট বা সমপদমর্যাদাসম্পন্ন পদবীর কর্মচারীদের মধ্য হইতে প্রেষণে নিয়োগের মাধ্যমে। |
| ২৯। | মেস ক্লার্ক (কর্পোর‌্যাল) | .. | প্রেষণে নিয়োগের মাধ্যমে | সশস্ত্র বাহিনীর কর্পোর‌্যাল বা সমপদমর্যাদাসম্পন্ন পদবীর কর্মচারীদের মধ্য হইতে প্রেষণে নিয়োগের মাধ্যমে। |
| ৩০। | রেডিও টেকনিশিয়ান (সার্জেন্ট/কর্পোর‌্যাল)। | .. | প্রেষণে নিয়োগের মাধ্যমে | সশস্ত্র বাহিনীর সার্জেন্ট, কর্পোর‌্যাল বা সমপদমর্যাদাসম্পন্ন পদবীর কর্মচারীদের মধ্য হইতে প্রেষণে নিয়োগের মাধ্যমে। |
| ৩১। | ষ্টোরম্যান/ষ্টুয়ার্ড [কর্পোর‌্যাল (এস এম টি)]। | .. | প্রেষণে নিয়োগের মাধ্যমে | সশস্ত্র বাহিনীর কর্পোর‌্যাল (এস এম টি) বা সমপদমর্যাদাসম্পন্ন পদবীর কর্মচারীদের মধ্য হইতে প্রেষণে নিয়োগের মাধ্যমে। |
| ৩২। | লিডিং ষ্টুয়ার্ড | .. | প্রেষণে নিয়োগের মাধ্যমে | সশস্ত্র বাহিনীর লিডিং ষ্টুয়ার্ড বা সমপদমর্যাদাসম্পন্ন পদবীর কর্মচারীদের মধ্য হইতে প্রেষণে নিয়োগের মাধ্যমে। |

| | | | |
|---|---|---|---|
| ৩৩। স্টোরম্যান (কর্পোরাল/ল্যান্স কর্পোরাল এস এম টি)। | .. | প্রেষণে নিয়োগের মাধ্যমে | সশস্ত্র বাহিনীর কর্পোরাল, ল্যান্স কর্পোরাল (এস এম টি) বা সমপদমর্যাদাসম্পন্ন পদবীর কর্মচারীদের মধ্য হইতে প্রেষণে নিয়োগের মাধ্যমে। |
| ৩৪। ব্যারাক এন সি ও (সার্জেন্ট)। | .. | প্রেষণে নিয়োগের মাধ্যমে | সশস্ত্র বাহিনীর সার্জেন্ট বা সমপদমর্যাদাসম্পন্ন পদবীর কর্মচারীদের মধ্য হইতে প্রেষণে নিয়োগের মাধ্যমে। |
| ৩৫। আর্মোরার (সার্জেন্ট) | .. | প্রেষণে নিয়োগের মাধ্যমে | সশস্ত্র বাহিনীর সার্জেন্ট বা সমপদমর্যাদাসম্পন্ন পদবীর কর্মচারীদের মধ্য হইতে প্রেষণে নিয়োগের মাধ্যমে। |
| ৩৬। গাড়ী চালক (কর্পোরাল/ল্যান্স কর্পোরাল)। | .. | প্রেষণে নিয়োগের মাধ্যমে | সশস্ত্র বাহিনীর কর্পোরাল, ল্যান্স কর্পোরাল বা সমপদমর্যাদাসম্পন্ন পদবীর কর্মচারীদের মধ্য হইতে প্রেষণে নিয়োগের মাধ্যমে। |
| ৩৭। পাঁচক | .. | প্রেষণে নিয়োগের মাধ্যমে | সশস্ত্র বাহিনী হইতে বেতন স্কেল অনুযায়ী প্রেষণে নিয়োগের মাধ্যমে। |

রাষ্ট্রপতির আদেশক্রমে
কাজী মনোয়ারুল হক
মহাপরিচালক।

শেখ মোঃ মোবারক হোসেন (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আমিন জুবেরী আলম, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।